ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে মুকুল হোসেন নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলার মোল্লাডাঙ্গা মাঠে মটর চালাতে গিয়ে সে মারা যায়। মুকুল ওই গ্রামের আব্দার মন্ডলের ছেলে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাহফুজুর রহমান মিয়া জানান, সকালে মাঠে ধানের জমিতে পানি দেওয়ার জন্য মোটর চালু করতে যায়।

এসময় মোটর ঘরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তিনি মারা যায়।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে নারীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে শাহানাজ বেগম (৪৫) নামে এক স্বামী পরিত্যক্তা নারীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলার জগোদেশপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহানাজ একই গ্রামের মৃত মুরাদ আলীর মেয়ে।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগোদেশপুর গ্রামের মৃত মুরাদ আলীর মেয়ে স্বামী পরিত্যক্তা শাহানাজ বেগম বাবার বাড়িতে বসবাস করতেন।

বৃহস্পতিবার বিকালে ঘরের সামনে একটি আমড়া গাছ থেকে আমড়া পাড়ছিলেন। এ সময় তিনি ঘরের টিনের উপরে পড়ে যান। এবং টিনের সাথে বিদ্যুতের তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়। এতে ঘটনাস্থলেই ওই নারীর মৃত্যু হয়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা

নিশ্চিত করে জানান, খবর পেয়ে আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি।

আলমডাঙ্গায় বিদ্যুতায়িত হয়ে শ্রমিকের মৃত্যু

আলমডাঙ্গায় বিদ্যুতস্পৃষ্ট হয়ে বেলগাছি গ্রামে ইমাদুল নামের এক শ্রমিক মারা গেছেন।

গতকাল রবিবার দুপুরে গ্রামের একটি পোল্ট্রি ফার্মে কাজ করার সময় তিনি বিদ্যুতস্পৃষ্ট হয়ে মারা যান।

নিহত ইমাদুল বেলগাছি গ্রামের সাহজাহানের ছেলে। তিনি বেলগাছি গ্রামের নুহু নবীর পোল্ট্রি ফার্মে কাজ করতেন।

জানা গেছে, ইমাদুল প্রতিদিনের ন্যায় তার কর্মস্থান পোল্ট্রি ফার্মে কাজ করতে যান। এ সময় বিদ্যুতের সুইসবোর্ডের প্লাগে একটি তার ঢোকাতে গেলে পুরো ফার্মে বিদ্যুতায়িত হয়ে যায়। তার শরীরও বিদ্যুতায়িত হয়ে পড়ে। তিনি ঘটনাস্থলেই মারা যান।

পরে পোল্ট্রি ফার্মের মেইন সুইস বন্ধ করে নিহত ইমাদুলকে উদ্ধার করা হয়। ইমাদুলের দুইটি সন্তান রয়েছে। পরিবারে একমাত্র কর্মক্ষম ইমাদুলের অকাল মৃত্যুতে তার স্ত্রী ও দুইটি সন্তান অসহায় হয়ে পড়েছেন।

দৌলতপুরে বিদ্যুৎস্পৃষ্টে

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] 2 [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [

চেয়ারম্যান আলী হোসেন অপু বিষয়টি নিশ্চত করেছেন।

কোটচাঁদপুরে সেচ পাম্পের বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল কৃষকের

ঝিনাইদহের কোটচাঁদপুরে সেচ পাম্পের বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল রেজাউল হোসেন রেজা (২৫) নামে এক কৃষকের। গতকাল সোমবার দুপুরে উপজেলার মুরুটিয়া গ্রামে এ দূর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার বলুহর ইউনিয়নের মুরুটিয়া গ্রামের সিদ্দিক হোসেনের ছেলে রেজাউল হোসেন রেজা সোমবার সকালে গ্রামের উত্তর মাঠে জমিতে সেচ কাজের জন্য যায়। এসময় তিনি সেচ পাম্পের বিদ্যুতের সুইজ দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়। এবং ঘটনাস্থলেই ওই কৃষকের মৃত্যু হয়।

দুপুরে পরিবারের লোকজন খোঁজ না পেয়ে নিহতের ছোট ভাই ঘটনাস্থলে যেয়ে ভায়ের মৃত দেহ মাঠে পড়ে থাকতে দেখেন। পরে পরিবারের লোকজন ও স্থানীয়রা মৃতদেহটি উদ্ধার করে নিয়ে আসেন।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সতত্য নিশ্চিত করে জানান, খবর পেয়ে আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি।

মেপ্র/আরপি

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ইলেক্ট্রনিক্স মিস্ত্রির মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী এলাকার কড়ইতলা নামক স্থানে বিদ্যুৎস্পৃষ্টে মহিবুল ইসলাম (২২) নামের এক ইলেক্ট্রনিক্স মিস্ত্রির মৃত্যু হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। মহিবুল ইসলাম সদর উপজেলার বিষয়খালী পশ্চিমপাড়া গ্রামের তোতা মিয়ার ছেলে।

স্থানীয় বাবুল হোসেন নামের একজন জানান, মহিবুল ইসলাম কড়ইতলা এলাকায় বিদ্যুৎ লাইনের কাজ করছিল। হটাৎ বিদুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক মুসলিমা খাতুন বিষয়টি নিশ্চিত করেছেন।

মেপ্র/ আরপি

গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে নিহত আহারের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান

মেহেরপুরর গাংনী উপজেলার হিন্দা গ্রামে বিদ্যুতায়িত হয়ে মৃত্যু বরণ কারি আহারের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

রবিবার সকালের দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান নিহতের পরিবারের বাড়ি গিয়ে খোঁজ খবর নিয়ে নিহত আহারের স্ত্রীর

হাতে নগদ ১০ হাজার টাকা আর্থিক সহায়থা প্রদান করেন। পরবর্তিতে নিহত আহারের শিশু সন্তানদেরকেও প্রয়োজনীয় সহায়তা প্রদানের আশ্বাস দেন।

উল্লেখ্য গত শনিবার বিকেলে মাঠ থেকে বাড়ি ফিরে অটোভ্যানে চার্জ দিতে গেলে বিদ্যুতায়িত হয়ে ঐ গ্রামের আনিচুর রহমানের ছেলে আহার আলি মৃত্যু বরণ করে।
-গাংনী প্রতিনিধি